পুলিশি বাঁধায় বিক্ষোভ মিছিল করতে পারেনি জেলা বিএনপি

রোববার (১৫ মে) পুলিশি বাঁধায় কেন্দ্রীয়
কর্মসূচির অংশ হিসেবে বিক্ষোভ মিছিল করতে
পারেনি পাবনা জেলা বিএনপি।

ওই দিন বেলা সাড়ে এগারোটার দিকে জেলা বিএনপির অস্থায়ী কার্যালয় থেকে দলের সভাপতি মেজর (অব.) কেএস মাহমুদ ও সাধারণ সম্পাদক ইঞ্জিনিয়ার খন্দকার হাবিবুর রহমান তোতার নেতৃত্বে নেতাকর্মীরা মিছিল বের করতে চাইলে পুলিশ বাঁধা দেয়।

পরে মিছিল না করতে পেরে নেতাকর্মীরা জেলা বিএনপি কার্যালয় চত্বরে সমাবেশ করে।

এ সময় বক্তব্য দেন, জেলা বিএনপির সভাপতি মেজর (অব.) কেএস মাহমুদ, সাধারণ সম্পাদক ইঞ্জিনিয়ার খন্দকার হাবিবুর রহমান তোতা, সহসভাপতি আব্দুস সামাদ খান মন্টু, সহসভাপতি কে এম মুছা, যুগ্ন সম্পাদক নূর মোহাম্মদ মাসুম বগা, জেলা যুবদলের সাধারন সম্পাদক মোসাব্বির হোসেন সনজু, আবু বকর সিদ্দিক মুকু প্রমূখ।

বক্তারা বলেন সরকার দেশবাসীর কন্ঠরোধ করে গণতন্ত্রকে হত্যা করতে চায়। এর পরিনাম শুভ হবে না উল্লেখ করে নেতৃবৃন্দ বেগম খালেদা জিয়াসহ বিএনপি নেতৃবৃন্দের নামে দায়ের করা মামলা প্রত্যাহারের দাবি জানান।